গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw .gov.bd

.০১.১৪২৪ বঙ্গাব্দ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫- ২৯৫

তারিখঃ ৩০.০৪.২০১৭ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল্লাহ আল-আমিন (১৩৪৫৬৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাজিপুর, সিরাজগঞ্জ গত ১৪.১০.২০১৪খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৬.০২.২০১৫খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫-১৩১নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১০.০২.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫-১২১নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৫.০৩.২০১৭ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৪৪.২০১৬-৪০নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১২.০৪.২০১৭ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আব্দুল্লাহ আল-আমিন (১৩৪৫৬৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাজিপুর, সিরাজগঞ্জকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৪.১০.২০১৪খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ সিরাজুল [illegible])
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৫- ২৯৫/১(১২)

তারিখঃ ৩০.০৪.২০১৭খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ
১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ
১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। ডাঃ মোঃ আব্দুল্লাহ আল-আমিন (১৩৪৫৬৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাজিপুর, সিরাজগঞ্জ (স্থায়ী ঠিকানাঃ পিতা- মোঃ শামসুল হক সরকার, বাড়ী নং-০১, রোড নং-০১, নিকুঞ্জ-০২, খিলক্ষেত, ঢাকা)।

২৭/০৪/২০১৭

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd